

আমার মালার ফুলের দলে আছে লেখা
 বসন্তের মন্ত্রলিপি ।
 এর মাধুর্যে আছে যৌবনের আমন্ত্রণ ।
 সাহানা রাগিণী এর রাঙা রঙে রঞ্জিত,
 মধুকরের ক্ষুধা অশ্রুত ছন্দে
 গন্ধে তার গুঞ্জরে ॥
 আন্ গো ডালা, গাঁথ্ গো মালা,
 আন্ মাধবী মালতী অশোকমঞ্জরী ।
 আয় তোরা আয় ।
 আন্ করবী রঙ্গন কাঞ্চন রজনীগন্ধা
 প্রফুল্লমল্লিকা ।
 আয় তোরা আয় ।
 মালা পর্ গো মালা পর্ সুন্দরী,
 হুঁরা কর্ গো হুঁরা কর্ ।
 আজি পূর্ণিমারাত্রে জাগিছে চন্দ্রমা,
 বকুলকুঞ্জ
 দক্ষিণবাতাসে দুলিছে কাঁপিছে
 থরোথরো মৃদু মর্মরি ।
 নৃত্যপরা বনাস্পনা বনাস্পনে সঞ্চরে,
 চঞ্চলিত চরণ ঘেরি মঞ্জীর তার গুঞ্জরে ।
 দিস নে মধুরাতি বৃথা বহিয়ে
 উদাসিনী, হায় রে ।
 শুভলগন গেলে চলে ফিরে দেবে না ধরা—
 সুধাপসরা
 ধুলায় দেবে শূন্য করি,
 শুকাবে বঞ্জুলমঞ্জরী ।
 চন্দ্রকরে অভিষিক্ত নিশীথে ঝিল্লিমুখর বনছায়ে
 তন্দ্রাহারা-পিক-বিরহকাকলি-কুজিত দক্ষিণবায়ে
 মালঞ্চ মোর ভরল ফুলে ফুলে ফুলে গো,
 কিংশুকশাখা চঞ্চল হল দুলে দুলে দুলে গো ॥

Parjaay: Prakriti / Basanta / Chandaliika, Taal: Khemta/Kaharwa, Raag: Kalingara-
 Bahaar-Pilu-Multan

Visit www.geetabitan.com for notation and other detail